



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি শহীদ আসাদ কলেজ, শিবপুর, নরসিংদী।

ইআইআইএনঃ-১১২৮৮১, কলেজ কোডঃ-৩১৫০, জাতীয় বিশ্ববিদ্যালয়ের কলেজ কোডঃ-৫৪০৪

ওয়েব সাইট: sac.college.gov.bd, ই-মেইল : govt.sac@gmail.com

তারিখ : ২৫/০৮/২০২৬খ্রি.

"২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি"

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে সরকারি শহীদ আসাদ কলেজে একাদশ শ্রেণিতে মানবিক, ব্যবসায় শিক্ষা ও বিজ্ঞান শাখায় ভর্তির আবেদনের যোগ্যতা, সময়সীমা এবং বিস্তারিত তথ্যাদি নিম্নে দেয়া হলো। উল্লেখ্য, অত্র কলেজে ভর্তিচ্ছু শিক্ষার্থীকে পছন্দক্রমের তালিকায় এ কলেজকে অবশ্যই ০১(এক) নম্বরে রাখতে হবে। ভর্তির জন্য কোন বাছাই বা ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে না। কেবল শিক্ষার্থীর এস,এস,সি বা সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নির্ধারিত হবে।

আসন সংখ্যা :- মানবিক- ৮০০

ব্যবসায় শিক্ষা-৪০০

বিজ্ঞান- ২০০

ভর্তির আবেদনের ন্যূনতম যোগ্যতা (ছাত্র-ছাত্রী উভয়ের জন্য)	একাদশ বিজ্ঞান এস.এস.সি বা সমমানের পরীক্ষায় বিজ্ঞান গ্রুপ থেকে -GPA- 3.50 একাদশ মানবিক -এস.এস.সি বা সমমানের পরীক্ষায় মানবিক/ব্যবসায় শিক্ষা/বিজ্ঞান গ্রুপ থেকে -GPA- 3.00 একাদশ ব্যবসায় শিক্ষা-এস.এস.সি/সমমানের পরীক্ষায় মানবিক/ব্যবসায় শিক্ষা/বিজ্ঞান গ্রুপ থেকে -GPA- 2.75 যে কোন শিক্ষাবর্ষে এসএসসি বা সমমানের পরীক্ষার ফলাফল প্রকাশের সাল এবং ধারাবাহিকভাবে পূর্ববর্তী দুই সালে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০২৬-২৭ শিক্ষাবর্ষে এই নীতিমালার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে কোন কলেজ/সমমানের প্রতিষ্ঠানে একাদশ শ্রেণিতে অনলাইনে ভর্তির যোগ্য বিবেচিত হবে। বিদেশী কোন বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠান হতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক তার সনদের মান নির্ধারণের পরদিন (২.১) এর অধীনে ভর্তির যোগ্য বিবেচিত হবে। ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপ শাখা নির্বাচন করতে পারবে, যথা : (ক) বিজ্ঞান শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি (খ) মানবিক শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি এবং (গ) ব্যবসায় শিক্ষা শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখার যে কোন একটি।
আবেদনের পদ্ধতি	(ক) নিম্নলিখিত নিয়মে আবেদন Submit করতে হবে। ১. টেলিটক/বিকাশ/ শিওরকাশ/নগদ/সোনালী ব্যাংক/ রকেট এর আবেদন ফি ২২০/- (দুইশত বিশ টাকা) জমা দেয়ার পর আবেদনকারীকে নির্ধারিত Website-এ (www.xiclassadmission.gov.bd) যেয়ে apply Online Button- এ ক্লিক করতে হবে ; এরপর প্রদর্শিত তথ্য ছকে এসএসসি/সমমান পরীক্ষার রোল নম্বর, বোর্ড, পাসের সন ও রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। আবেদনকারীর দেয়া তথ্য সঠিক হলে তিনি তার ব্যক্তিগত তথ্য ও এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত GPA দেখতে পাবেন। ২. এর পর শিক্ষার্থীর Contact Number (ফি প্রদানের সময় শিক্ষার্থী প্রদত্ত নিজের/অভিভাবকের মোবাইল নম্বর) এবং প্রযোজ্য ক্ষেত্রে কোটা দিতে হবে। ৩.অতঃপর তাকে ভর্তিচ্ছু শিক্ষা প্রতিষ্ঠান, গ্রুপ, শিফট এবং ভার্শন Select করতে হবে। এভাবে শিক্ষার্থী সার্বোচ্চ ১০টি ও সর্বনিম্ন ৫টি কলেজ Select করতে পারবে, এই ফরমে আবেদনকারী তার সকল আবেদনের পছন্দক্রমও নির্ধারণ করতে পারবেন। ৪. এরপর আবেদনকারী Preview Application Button-এ ক্লিক করলে তার আবেদনকৃত কলেজ সমূহের তথ্য ও পছন্দক্রম দেখতে পারবেন। ৫. Preview এ দেখানো তথ্যসমূহ সঠিক থাকলে আবেদনকারী 'Submit'Button-এ ক্লিক করতে হবে। ৬.আবেদনটি সফলভাবে Submit করা হলে আবেদনকারী তার প্রদত্ত Contact Number এর মোবাইলে একটি নিশ্চিতকরণ SMS পাবেন এবং যাতে একটি সিকিউরিটি কোড (Security code) থাকবে। এই Security code টি গোপনীয়তা ও সতর্কতার সাথে সংরক্ষণ করতে হবে, যা পরবর্তীতে আবেদন সংশোধন ও ভর্তি সংক্রান্ত কাজে ব্যবহার করতে হবে। ৭. আবেদনকারী চাইলে তার আবেদনসমূহের তথ্যাদিসহ উক্ত ফরমটি Download করে প্রিন্ট (print) নিতে পারবেন। উপরের নির্দেশনা অনুযায়ী এসএসসি/সমমান পরীক্ষার রোলনম্বর, বোর্ড, পাসের সন ও রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে এন্ট্রি দেয়ার পর ও শিক্ষার্থীর ব্যক্তিগত তথ্য ও এসএসসি পরীক্ষার GPA দেখতে না পেলে, তাকে আবেদন ফি ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) জমা দেয়ার Transaction ID টি এন্ট্রি দিতে হবে এবং ফি প্রদানের জন্য তিনি যেই অপারেটর (টেলিটক / বিকাশ/শিওর কাশ/নগদ/সোনালী ব্যাংক/রকেট) ব্যবহার করেছে তাকে Select করতে হবে। পরবর্তীতে ৩০ মিনিট পর ইন্টারনেটে আবেদন করার জন্য পূর্বে উল্লেখিত পদ্ধতি অনুসরণ করতে হবে।
কোটা (প্রযোজ্য ক্ষেত্রে)	মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার ভর্তির জন্য ৫% আসন সংরক্ষিত থাকবে। মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের আসন নির্ধারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রমাণপত্র/গেজেটের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে এবং ভর্তির সময় মূল কপি প্রদর্শন করতে হবে।
ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ (পুনঃ নিরীক্ষণসহ পুনঃমূল্যায়নের জন্য যারা আবেদন করবে, আবেদনের যোগ্য হলে তাদেরও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে)	০২/০৯/২০২৬ (বুধবার) থেকে ১০/০৯/২০২৬ (বৃহস্পতিবার রাত ৮:০০ টা পর্যন্ত)
পুনঃ নিরীক্ষণসহ পুনঃমূল্যায়নে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ	১২/০৯/২০২৬ (শনিবার) থেকে ১৩/০৯/২০২৬ (রবিবার রাত ৮:০০টা পর্যন্ত)
পছন্দক্রম পরিবর্তনের সময়	১২/০৯/২০২৬ (শনিবার) থেকে ১৩/০৯/২০২৬ (রবিবার রাত ৮:০০টা পর্যন্ত)
নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ	১৬/০৯/২০২৬ (বুধবার রাত ৮:০০টা)
শিক্ষার্থীদের নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে নির্বাচন এবং আবেদন বাতিল হবে)	নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশের পর থেকে ১৮/০৯/২০২৬ (শুক্রবার) (রাত ৮:০০টা পর্যন্ত)
পছন্দক্রম অনুযায়ী মাইগ্রেশনের ফল প্রকাশ	১৯/০৯/২০২৬ (শনিবার রাত ৮:০০টা)
ভর্তি	২০/০৯/২০২৬ (রবিবার) থেকে ২২/০৯/২০২৬ (মঙ্গলবার)
রুাস শুরু	২৩ সেপ্টেম্বর, ২০২৬ (বুধবার)

***একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্যে থেকে শিক্ষার্থীর মেধা, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে। * ভর্তি ফিসের হার ও অন্যান্য নিয়মাবলী ফলাফল প্রকাশের দিন নোটিশের মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

বিঃ দ্রঃ এসএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগ হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় ভর্তি হলে পরবর্তীতে বিজ্ঞান শাখায় প্রত্যবর্তনে আর কোন সুযোগ থাকবে না।

অধ্যক্ষ

সরকারি শহীদ আসাদ কলেজ
শিবপুর, নরসিংদী।

আইবরিক

একাদশ ভর্তি কমিটি ২০২৬-২০২৭
সরকারি শহীদ আসাদ কলেজ, শিবপুর, নরসিংদী।